

যে সকল বিদেশী ছাত্র/ছাত্রীরা শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করার কথা ভাবছেন

ফেব্রুয়ারী, ২০১৮ সাল

বিচার মন্ত্রণালয়, ইমিগ্রেশন ব্যুরো

বিচার মন্ত্রণালয়ে এই পর্যন্ত নিয়মিতভাবে থাকা বিদেশী ছাত্র/ছাত্রীরা শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করলে, আবেদনের ৬ মাস পরে নীতিগতভাবে কর্মসংস্থানের অনুমতি দেয়া হয়েছিল, কিন্তু, ২০১৮ সালের ১৫ ই জানুয়ারি থেকে, শরণার্থী স্বীকৃতি প্রক্রিয়ার সময়ে আবেদনকারীকে যে ভাবে বসবাসের অনুমোদন দেয়া হত, সেই প্রক্রিয়ার পদ্ধতিটি সম্পর্কে নতুনভাবে পর্যালোচনা করা হয়েছে।

বিশেষ করে, বিদেশী ছাত্র/ছাত্রী দের ক্ষেত্রে, স্কুল ছেড়ে যাওয়ার পরে, অথবা, শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশ করে বের হওয়ার পরে, শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করলে, আবেদন করার ৬ মাস অতিবাহিত হবার পরেও নীতিগতভাবে কাজ করার অনুমতি দেয়া হবে না এই সিদ্ধান্ত নেয়া হয়েছে।

(উল্লেখ্য ১) জাপানে অধ্যয়নরত অবস্থায় থেকেও শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করা সম্ভব।

(উল্লেখ্য ২) শরণার্থী আইনের ভিত্তিতে শরণার্থী হওয়ার সম্ভাবনা খুব বেশী হলে, অথবা, নিজ দেশের পরিস্থিতির কারণে মানবিক বিবেচনায় শরণার্থী হওয়ার উচ্চ সম্ভাবনা থাকলে, কেবলমাত্র সেই আবেদনকারীকে কাজ করার অনুমতি দেয়া হবে।

যদি, শিক্ষা প্রতিষ্ঠানে আইন অনুযায়ী বিধিনিষেধের লঙ্ঘন হয়, নিকটবর্তী স্থানীয়

ইমিগ্রেশন ব্যুরোর সাথে দয়া করে পরামর্শ করুন।